



ত্রিপুরার পেচাখলের কাছে নবীনছড়ায় নির্মিত হচ্ছে ভারত-এর সবচেয়ে উঁচু বুদ্ধ মূর্তি

॥ জয়ন্ত দেবনাথ ॥

ত্রিপুরার পেচাখলের কাছে নবীনছড়ায় নির্মিত হচ্ছে দক্ষিণ পূর্ব এশিয়ার দ্বিতীয় সবচেয়ে উঁচু বুদ্ধ মূর্তি। ১০৮ ফুট উচ্চতার বুদ্ধ মূর্তিটি তৈরির কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। সম্পূর্ণ কাজ শেষ হতে আরও দুই বছর সময় লাগতে পারে। বর্তমানে দক্ষিণ পূর্ব এশিয়ার সবচেয়ে উঁচু বুদ্ধ মূর্তিটি রয়েছে মায়ানমারে। তার উচ্চতা ২১৬ ফুট। নবীনছড়ার মূর্তিটি নির্মাণ কাজ শেষ হলে এটিই হবে ভারত-এর সবচেয়ে উঁচু বুদ্ধ মূর্তি এবং দক্ষিণ পূর্ব এশিয়ার দ্বিতীয় সবচেয়ে উঁচু বুদ্ধ মূর্তি।



পেচাখল থেকে দশ কিমি দূরত্বে একটি উঁচু টিলার উপর নির্মাণ কাজ চলছে গত একবছর ধরে। এলাকার সবার আশা নির্মাণ কাজ শেষ হয়ে গেলে গোটা নবীনছড়া ও পেচাখল এলাকাটি বুদ্ধ পর্যটক তো বটেই সাধারণ পর্যটকদের কাছেও একটা আকর্ষণের কেন্দ্র বিন্দু হবে। ১০৮ ফুট

উচ্চতার বুদ্ধ মূর্তিটি নির্মাণের দায়িত্বে রয়েছে থাইল্যান্ডের একটি সংস্থা। এবং গোটা মন্দিরটির নির্মাণ ও মন্দির এলাকার সৌন্দর্যকরণের কাজটি করছেন পশ্চিমবঙ্গের একটি সংস্থা। মূর্তিটি তৈরি করা হবে ফাইভার গ্লাসের। এবং গোটা পরিকল্পনার জন্য খরচ হবে প্রায় পাঁচ কোটি টাকা। সাক্ষরমের মহামুনি বুদ্ধ মন্দিরটি বর্তমানে রাজ্যের সবচেয়ে পুরনো ও অপূর্ব প্রাকৃতিক পরিবেশে স্থাপিত রাজ্যের প্রথম বুদ্ধ মন্দির।

ইন্টারনেট ঘেঁটে যতটা জানা গেছে, দক্ষিণ-পূর্ব এশিয়ায় বৃহত্তম বুদ্ধ মূর্তি হিসাবে মায়ানমারের চৌতাতিগি বুদ্ধ মন্দিরের উচ্চতা ৬৬ মিটার (২১৬ ফুট)। মূর্তিটি এখন পর্যন্ত দক্ষিণ-পূর্ব এশিয়ায় বৃহত্তম বুদ্ধ মূর্তি। অবশ্য মায়ানমার থেকেও উঁচু বুদ্ধ মূর্তিটি রয়েছে চিনে। লেশান জায়ান্ট বুদ্ধ - সিচুয়ান, চীন। ইউনেস্কোর স্বীকৃত ২৩৩ ফুট লম্বা মূর্তিটি বিশ্বের বৃহত্তম পাথরের বুদ্ধ মূর্তি। ৮০০ খ্রিস্টপূর্বাব্দে নির্মিত। টাঙ্গ রাজবংশের সময় এটি একটি বেলে পাথর খিলানে নির্মিত হয়েছিল। লেশান জায়ান্ট বুদ্ধ সিনামিক এরিয়া সহ মাউন্ট এমি সেনিক এরিয়া ১৯৯৬ সাল থেকে ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসাবে তালিকাভুক্ত করা হয়েছে।

অবশ্য বিশ্বের সবচেয়ে বড় বৌদ্ধ মন্দিরটি হল বোরোবুদুর, ইন্দোনেশিয়াইয়। ৭৫০-৮৪২ খ্রিস্টাব্দ এর মধ্যে নির্মিত। মূর্তিটির পাথরের গঠন ১১৩ ফুট লম্বা এবং ১৯৯১ সালে, বোরোবুদুর ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ তালিকায় যুক্ত করা হয়েছিল।

পঞ্চাশতকে, বিশ্বের সবচেয়ে উঁচু স্ট্যাচুটি ভারতের গুজরাটে। ভারতের স্বাধীনতা সংগ্রামের নায়ক সরদার ভল্লব ভাই প্যাটেল- এর। এর উচ্চতা ১৮২ মিটার (৬০০ ফুট)। চীনের স্প্রিং টেম্পল(Spring Temple) বর্তমানে ১২৮ মিটার (৪১৯ ফুট) উচ্চতা যা বিশ্বের বৃহত্তম বুদ্ধ মূর্তি।